

## শিক্ষামূলক ওয়েব সাইট তৈরি করেছেন রুয়েট ছাত্র মুরাদ

বুলবুল চৌধুরী, রাজশাহী ব্যুরো

বাংলা ভাষায় শিক্ষামূলক ওয়েবসাইট [www.blexam.com](http://www.blexam.com) তৈরি করেছেন রাজশাহী প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের (রুয়েট) ছাত্র মোহাম্মদ এমদাদুল হক মুরাদ। তার গ্রামের বাড়ি নেত্রকোনার মোহনগঞ্জ পৌরসভায়। কম্পিউটার বিজ্ঞান ও কৌশল বিভাগের ৪র্থ বর্ষের ছাত্র মুরাদের তৈরি এই সাইটটি একটি শিক্ষামূলক (পরীক্ষা ভিত্তিক) ওয়েব সাইট। এতে এসএসসি (বিজ্ঞান), মানসিক, বাসিফা, বিসিএস, মেডিকেল, বিশ্ববিদ্যালয় ভর্তি পরীক্ষা সহ সাধারণ জ্ঞান ও প্রযুক্তিগত জ্ঞান অর্জনে এমসিকিউ টেস্টের ব্যবস্থা আছে। এই সাইটটি সব শিক্ষার্থী বিনামূল্যে ব্যবহার করতে পারবেন। তবে সেরন্যা সাইটের ব্যবহারকারীকে হোমপেইজ থেকে ইউজার আইডি ও পাসওয়ার্ড নিতে হবে এবং এর সাহায্যে ইউজার এডমিনিস্ট্রেশন বিভাগ সহ বিভিন্ন এক্সামের সব পরীক্ষায় অংশগ্রহণ করা যাবে। এই এডই ইউজার আইডি ও পাসওয়ার্ড ব্যবহৃত হবে ব্যবহারকারীর মেইল এড্রেসে। পরীক্ষা পেইজে প্রবেশ করা মাত্রই সময় গণনা হতে থাকবে এবং নির্ধারিত সময়ের মধ্যেই উত্তরপত্র জমা দিতে হবে। জমা দেওয়ার পরপরই মোট নম্বর, প্রাপ্ত নম্বর, মোট সময়, ব্যয়িত সময় এবং পরীক্ষার অংশগ্রহণের তারিখসহ সূক্ষ্ম ফলাফল তথ্য দেখা যাবে। সকল অংশগ্রহণকারী শিক্ষার্থীদের ফলাফল দেখা অনুসারে এবং গ্রাফিক্যালি মেসার্সে ব্যবস্থা আছে। আরও রয়েছে উত্তরপত্র যাচাই বিভাগ-যার মাধ্যমে পরীক্ষার



রুয়েট ছাত্র মোহাম্মদ এমদাদুল হক মুরাদ

অংশগ্রহণকারী শিক্ষার্থীরা নিজেদের ভুল তথ্য প্রদানের সঠিক উত্তরটি দেখে নিতে পারবে। মুরাদের তৈরি এই ইন্টারনেট ভিত্তিক বিডিএক্সাম সফটওয়্যারে বাংলা শিক্ষা ব্যবস্থায় বিশেষ অবদান রাখবে বলে মনে করছেন তিনি। তাই শিক্ষাক্ষেত্রে এর প্রয়োগ বাড়ানোর জন্য তিনি তার সোর্স কোড সকল শিক্ষা প্রতিষ্ঠানের এর জন্য উন্মুক্ত করে দিয়েছেন। সকল শিক্ষার্থীদের জন্য গুরুত্বপূর্ণ প্রদানের যোগান দহ উক্ত সাইটের আরও উন্নয়নে তিনি বিভিন্ন

মৈত্রিক পরিচয় অর্জন, কোর্সিং সেটার, ওয়েব ডেভেলপমেন্ট এন্ড এ ফর্ম এর সহযোগিতা কামনা করেছেন। এছাড়াও মুরাদ রুয়েট ভর্তি পরীক্ষা ব্যবস্থাপনা, একাডেমিক ফলাফল ব্যবস্থা, রুয়েট শ্রেণী প্রতিদ্বন্দ্বি নির্বাচন, হল ব্যবস্থাপনা, ই-মেইল সার্ভিসিং সিস্টেম ইত্যাদি সফটওয়্যার বাস্তবায়নে বর্তমানে তিনি সিনার ভিত্তিক নেটওয়ার্কিং নিয়ে কাজ করছেন। মুরাদের ই-মেইল এড্রেস [admin@blexam.com](mailto:admin@blexam.com)

—বুলবুল